গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
সংস্থাপন শাখা
www.magura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০০.০০৭.১০.০০৯৬.২৬.১৮১

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট এর ১৯ জুলাই ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৮.২৬.৪৯ সংখ্যক স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ২৪.০৮.২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৪৪৬ নম্বর স্মারকে খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদন প্রাপ্ত হয়ে মাগুরা সার্কিট হাউজ এবং জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন মাগুরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে Online-এ (https://dcmagura.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। Online ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৩তম<br>১১০০০-২৬৫৯০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ (তিন) টি | গ্রেড-১৬তম<br>৯৩০০-২২৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | বেয়ারার | ০১ (এক)টি | গ্রেড-২০তম<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হবে; এবং<br>(গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | নিরাপত্তা প্রহরী | ০১ (এক)টি | গ্রেড-২০তম<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ০১.০৮.২০২৬ তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

০৪। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার আবেদনপত্র/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর কপি;
(খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

অপর পাতায় দ্রষ্টব্য

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা'র মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব-স্ব পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র;

(জ) প্রার্থী কর্তৃক কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

(ঝ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৬। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সর্বশেষ সংশোধনী, ২০২৪) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৭। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৮। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের মধ্যে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১১। উপর্যুক্ত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :</u>

(ক) আগ্রহী প্রার্থীগণ https:// dcmagura.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১৫.০৯.২০২৬ তারিখ সকাল ১০:০০ টা।

(ii) Online- এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১৪.১০.২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা।

বর্ণিত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন teletalk Pre-paid মোবাইল নম্বর SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online- এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy -তে কোন ভুল থাকে বা অস্পষ্ট (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) ছবি/স্বাক্ষর না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করা যাবে।

অপর পাতায় দ্রষ্টব্য

উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy -তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত রাখা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy -তে একটি User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন teletalk Pre-Paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড- ১৩ ও ১৬) পদের জন্য ১০০/- (একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/-(একশত বার) (অফেরতযোগ্য) টাকা, বেয়ারার ও নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। উল্লেখ্য যে, অনগ্রসর বা সুবিধাবঞ্চিত নাগরিকদের জন্য সরকারি চাকরির সব গ্রেডে আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা।

**নিয়মাবলী:**

DCMAGURA <> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে ।

Example: DCMAGURA <> ABCDEF send to 16222
Reply : Applicant's Name. Tk. 112 will be Charged as application fee. your PIN is ××××××
To pay fee Type dcmagura <> YES <> PIN and send to 16222
DCMAGURA <> Yes <> PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: DCMAGURA Yes 1234567 send to 16222
Reply : Congratulations Applicant's Name payment completed successfully for DCMAGURA Application for ×××××× User ID is (ABCDEF) and password××××××

বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদির তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। সকল পদে আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcmagura.teletalk.com.bd ও মাগুরা জেলার ওয়েবসাইটে (www. dcmagura gov.bd)-তে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদন পত্রে প্রার্থীর মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে;

DCMAGURA <> Help <> User <> User ID & send to ১৬২২২
Example: DCMAGURA Help User ABCDEF & send to ১৬২২২

(ii) PIN Number জানা থাকলে;

DCMAGURA <> Help <> PIN <> PIN Number & send to ১৬২২২
Example: DCMAGURA Help PIN ১২৩৪৫৬৭৮ & send to ১৬২২২ alljobs QR Code

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https:// dcmagura.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ইমেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: DCmagura.Post Name, Application User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় -অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

07.09.2026

মোতাকাব্বীর আহমেদ
জেলা প্রশাসক
মাগুরা
ফোন: ০২৪৭৭৭১০৩০২
dcmagura@mopa.gov.bd

জেলা প্রশাসক মাগুরা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৫০০.০০০.০০৭.১০.০০৯৬.২৬.১৮১

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা;
০৫। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা;
০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা;
০৭। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/যশোর/সাতক্ষীরা/নড়াইল/ঝিনাইদহ/মেহেরপুর/কুষ্টিয়া/চুয়াডাংগা;
০৮। উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, গবেষণা ইউনিট, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

**অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, মাগুরা;
০২। পুলিশ সুপার, মাগুরা;
০৩। সিভিল সার্জন, মাগুরা;
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা;
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, মাগুরা;
০৬। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), মাগুরা;
০৭। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা;
০৮। উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা;
০৯। সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা;
১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
১১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১২ । [দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার (VAS-২), মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড)];
১২। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, মাগুরা;
১৩। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ........................................................................................ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ......../......../২০২৬ তারিখের মধ্যে স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি ৪ কলামে) ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

07.09.2026

জেলা প্রশাসক
মাগুরা